Bengali

video - YHN Voice Over draft 3

ইউর হোমস নিউ ক্যাসল ঃ নতুন ভাড়াটে - যা আপনার জানা প্রয়োজন

1 স্বাগতম

1.1) হ্যালো, এবং ইউর হোমস নিউ ক্যাসেল সর্ম্পকে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রে স্বাগতম। চলচ্চিত্রটি প্রায় 12 মিনিট ধরে চলবে এবং দেখার জন্য সময় দেয়ার জন্য আপনাকে ধন্যবাদ। নিউ ক্যাসেল সিটি কাউন্সিল-এর একজন ভাড়াটে হিসেবে আপনার জানা প্রয়োজন এমন কিছু গুরুত্বপূর্ণ বিষয় পর্যন্ত এর মধ্যে অন্তর্ভূক্ত রয়েছে। আমরা এব্যাপারে নিশ্চয়তা দিতে চাই যে আপনি আপনার নতুন বাড়ীতে অত্যন্ত সুখী হবেন।

1.2) ইউর হোমস নিউ ক্যাসেল কিংবা ওয়াইএইচএন হচ্ছে একটি সংগঠন, যা নিউ ক্যাসেল সিটি কাউন্সিল-এর বাড়িসমূহের দৈনন্দিন ব্যবস্থাপনা ও উন্নয়নের জন্য দায়িত্বপ্রাপ্ত।

1.3) ভাড়াটে হিসেবে শুরুতে, আমরা আমাদের ভাড়াটেদের হ্যান্ডবুক-এর একটি কপি আপনাকে প্রদান করবো। এটা আপনার ভাড়াটে মর্যাদা, ইউর হোমস্ নিউক্যাসেল এবং আমাদের প্রদত্ত পরিষেবাসমূহ সর্ম্পকে বহু প্রয়োজনীয় তথ্য প্রদান করে। এটা আপনাকে বসতি স্থাপনে সাহায্য করবে এবং আপনার ভাড়াটে থাকাকালীন সময়ে আপনি এটা উল্লেখ করার জন্য গুরুত্বপূর্ণ হিসেবে দেখতে পাবেন। কিন্তু যদি আপনার কোন প্রশ্ন থেকে থাকে, অনুগ্রহপূর্বক সরাসরি আমাদের সংস্পর্শে আসুন। আমরা সাহায্য করতে প্রস্তুত রয়েছি।

1.4) ইতোমধ্যে আপনার হাউজিং অফিসারের সাথে সম্পত্তি মানদন্ড তালিকা পর্যবেক্ষণ করা উচিত আপনার বাড়ি নিরাপদ, পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করার জন্য। প্রবেশ করার আগে, আপনাকে চুক্তিপত্রে স্বাক্ষর দান পদ্ধতিটি পাঠ করা প্রয়োজন। এই পদ্ধতিতে একজন নতুন ভাড়াটে হিসেবে আপনার অধিকার ও দায়িত্বসমূহ পর্যন্ত উল্লেখ করা রয়েছে।

2 স্বাক্ষরদান

2.1) আপনার হাউজিং অফিসার আপনাকে বলবেন আজ আপনার স্বাক্ষরদানের সাথে কী কী ডকুমেন্ট নিয়ে আসা প্রয়োজন। এতে আপনার পরিচিতির প্রমান হিসেবে একটি জন্মসনদ, পাসপোর্ট কিংবা ড্রাইভিং লাইসেন্স এবং আপনার আগেকার ঠিকানার প্রমান হিসেবে একটি চলতি ইউটিলিটি বা উপযোগিতা বিল অর্ন্তভূক্ত হতে পারে। আপনাকে অবশ্যই আপনার ন্যাশনেল ইন্সুরেন্স নম্বর প্রদান করতে হবে। আপনি এসব ডকুমেন্ট ছাড়া ভাড়াটে চুক্তিতে স্বাক্ষর দান করতে পারেন না।

2.2) আপনি হাউজিং বেনিফিট দাবীর দ্বারা আপনার ভাড়া পরিশোধে সাহায্য পেতে সক্ষম হতে পারেন। যদি আপনি মনে করেন যে, আপনি হাউজিং বেনিফিট পাবার যোগ্য হতে পারেন, তবে ভাড়াটে চুক্তি স্বাক্ষরকালে সংশ্লিষ্ট দাবী ফরম পূরণ করা আপনার জন্য গুরুত্বপূর্ণ। আপনার সকল ডকুমেন্ট নিয়ে আসার প্রয়োজন হতে পারে, যা আপনার আয় প্রদর্শন করে। স্মরণ রাখবেন, হাউজিং বেনিফিট শুধুমাত্র সম্পত্তিতে স্থানান্তরের পরই পরিশোধযোগ্য এবং আপনাকে অবশ্যই সেই তারিখ থেকে তা দাবী করতে হবে যাতে আপনার ভাড়া বকেয়া না পড়ে।

2.3) একবার আপনি সফলভাবে আপনার নতুন ভাড়াটে চুক্তি স্বাক্ষরের পর, আপনাকে আপনার গ্যাস, বিদ্যুত এবং পানি সরবরাহ সংযোগ গ্রহণের প্রয়োজন হবে। এ ব্যাপারে বিস্তারিত তথ্য আপনার ভাড়াটে হ্যান্ডবুকে পাওয়া যেতে পারে।

2.4) যদি আপনার নতুন বাড়িতে আসবাব সরবরাহে আপনি সাহায্যের প্রয়োজন মনে করেন, নিউ ক্যাসেল ফার্ণিচার সার্ভিস সেই সকল নতুন ভাড়াটেকে ফার্ণিচার প্যাক সরবরাহ করে, যাদের এগুলো প্রয়োজন হয়। এই পরিষেবা একটি

চার্টার মার্ক পুরস্কার (Charter Mark Award) -এ ভুষিত এবং নতুন ভাড়াটেদেরকে তাদের নতুন বাড়ি সাজানোয় সাহায্য করে। এই পরিষেবা চুলার (কুকার) মতো ইলেকট্রিক্যাল যন্ত্রপাতিও সরবরাহ ও সংযোজন করতে পারে।

2.5) নতুন বাড়িতে স্থানান্তরের তিন সপ্তাহের মধ্যে আমাদের হাউজিং পরিষেবাসমূহের একজন সবকিছু ঠিকঠাক আছে কী-না পরীক্ষা করতে আপনার সাথে দেখা করবেন। এবং ছয়মাস পর, আমরা আমাদের পরিষেবা সর্ম্পকে আপনার মতামত জানতে একটি সমীক্ষা পাঠাব। অনুগ্রহপূর্বক ধীরেসুস্থে এটা পূরণ করুন এবং আমাদের কাছে ফেরত পাঠান।

3 ভাড়াটে চুক্তি

3.1) আপনার ভাড়াটের হ্যান্ডবুকে আপনি আপনার ভাড়াটে চুক্তি সর্ম্পকে তথ্য পাবেন। আপনার ভাড়াটে চুক্তি একটি আইনানুগ বাধ্যকারী চুক্তি। যেমন, একজন ভাড়াটে হিসেবে আপনার কিছু নিশ্চিত দায়িত্ব রয়েছে যা আপনাকে অবশ্যই পালন করতে হবে। অবশ্যই, সবচেয়ে গুরুত্বপূর্ণ হচ্ছে, আপনার ভাড়া পরিশোধ করা। কিন্তু আপনাকে অবশ্যই আপনার বাড়িকে একটি যুক্তিসংগত অবস্থার মধ্যে রাখতে হবে। ছোটখাটো মেরামতের দায়িত্ব আপনার, একইভাবে আপনার বাড়িকে আপনি রং ও সাজানোর কাজটি করাবেন।

3.2) যদি আপনার একটি বাগান থাকে, এটাকে আপনার সুবিন্যস্ত ও আবর্জনামুক্ত রাখা প্রয়োজন। যদি এটাকে পরিপাটি রাখতে আপনার সাহায্যের প্রয়োজন হয়, তবে আপনি আমাদের বাগান পরিচর্যা (Garden Care) টিম থেকে সহায়তা পেতে সক্ষম হতে পারেন – আরো তথ্যের জন্য আমাদের হাউজিং অফিসকে বলতে পারেন। ভাড়াটেদের সাধারণ গৃহস্থালীর আর্বজনার জন্য চাকাযুক্ত আবর্জনা পাত্র সরবরাহ করা হয়। যারা ফ্ল্যাট কিংবা মেইসোনেট-এ থাকেন, তাদের ল্যান্ডিং কিংবা সিঁড়ি বেইসে আবর্জনা শ্যুট থাকে।

3.3) আপনি একটি পোষা প্রাণী রাখতে পারেন? ভালো কথা, এটা নির্ভর করে - জানার জন্য আপনার হাউজিং অফিসারের সাথে যোগাযোগ করা প্রয়োজন।

3.4) আপনার ভাড়াটে চুক্তি আপনাকে এবং আপনার পরিবারকে সমাজ বিরোধী আচরণ থেকে মুক্তভাবে বাড়িতে বসবাসের অধিকার প্রদান করে। অন্যান্য কাউন্সিল ভাড়াটেদেরও আপনার মতো একই দায়িত্ব রয়েছে। এটা গুরুত্বপূর্ণ যে, আমরা সবাই অন্যের অধিকারকে শ্রদ্ধা করি। আমরা এটা নিশ্চিত করতে চেষ্টা করি যে, আমাদের প্রতিবেশীরা শান্তিপূর্ণ ও নিরাপদ এবং এই লক্ষ্য অর্জনে আমরা আপনার সাথে কাজ করতে চাই। সম্পৃক্ত হওয়ার জন্য অনেক উপায় রয়েছে। অধিক তথ্যের জন্য আপনার হ্যান্ডবুক পরীক্ষা করুন কিংবা আপনার হাউজিং অফিসে যোগাযোগ করুন।

3.5) এবং আমরা কীভাবে সমাজবিরোধী আচরণের ব্যাপারে কাজ করি সে সর্ম্পকে আমরা নিয়মিত লেখা প্রকাশ করি আমাদের নিউজ লেটার, হোমস্ এন্ড পিপল (Homes and People) -এ। প্রতি তিন মাসে এই নিউজলেটার আপনার বাড়িতে সরবরাহ করা হয় এবং এগুলো, যা ঘটছে সে সর্ম্পকে আপনাকে অবহিত রাখার জন্য সাহায্য করতে তথ্য ও খবরে ভর্তি থাকে। এছাড়া এগুলো সাহায্য করবে কীভাবে আপনার এস্টেট পরিচালিত হবে, সে সর্ম্পকে আপনি কীভাবে আপনার বক্তব্য তুলে ধরবেন সে বিষয়ে।

4 আপনার ভাড়া পরিশোধকরণ

4.1) একজন ভাড়াটে হিসেবে আপনার মুল দায়িত্বসমূহের একটি হচ্ছে নিয়মিত ও যথাসময়ে ভাড়া প্রদান। আপনার হাউজিং অফিসার আপনার সাপ্তাহিক ভাড়া কত এবং কীভাবে তা হলো, তা আপনাকে বলবেন। এটা গুরুত্বপূর্ণ যে, ভাড়ার বকেয়া এড়ানোর জন্য, যথাসময়ে আপনি আপনার ভাড়া পরিশোধ করেন।

4.2) আপনার ভাড়া পরিশোধের জন্য বিভিন্ন ধরনের অনেকগুলো উপায় রয়েছে। এগুলোর সবই আপনার ভাড়াটে হ্যান্ডবুকে এবং আমাদের www.yhn.org.uk ওয়েবসাইটে তালিকাভুক্ত রয়েছে।

Bengali

4.3) এবং যদি আপনি আপনার ভাড়ার হিসাব হালনাগাদ রাখেন, তবে আমরা আপনাকে প্রতি তিন মাসে একটি ফ্রি প্রাইজ ড্র-তে প্রবেশ করাবো, যেখানে আপনি £250 বিজয়ী হতে পারেন। এবং যদি আপনি ডাইরেক্ট ডেবিট দ্বারা আপনার ভাড়া পরিশোধ করেন, তবে আপনি একটি আলাদা প্রাইজ ড্র-তে £50 বিজয়ী হতে পারেন।

4.4) দূর্ভাগ্যক্রমে কিছু সংখ্যক ভাড়াটে ভাড়া পরিশোধে ব্যর্থ হন, এবং বকেয়া ভাড়া জমে উঠে। যদি আপনি নিজেকে এরূপ পরিস্থিতিতে দেখতে পান, সরাসরি আমাদের সাথে যোগাযোগ করুন । আমাদের পরামর্শ ও সহায়তা পরিষেবা (Advice and Support service) যেকোন ব্যক্তিকে সহায়তা ও পরামর্শ দিতে সক্ষম, যারা অর্থনৈতিক সমস্যাতে পড়ে গেছেন। পরিষেবাটি সকল ভাড়াটের জন্য ফ্রি এবং সুলভ। কেবলমাত্র আপনার স্থানীয় কমিউনিটি হাউজিং অফিসের স্টাফের সাথে একটি সাক্ষাতের ব্যবস্থা করুন।

4.5) যদি আপনি বকেয়া ভাড়ায় পতিত হন, তবে ঋন পরিশোধের জন্য আপনাকে আপনার ভাড়ার সাথে আর কত পরিশোধ করতে হবে, এ ব্যাপারে আমরা আপনার সাথে সমঝোতায় আসতে পারি। যাই হোক, যদি আপনার বকেয়া না কমে, তবে আমরা আপনাকে এই মর্মে অবহিত করবো যে, আমরা আপনার বিরুদ্ধে একটি 'দখল আদেশ' (possession order) -এর জন্য আবেদন করবো। এটা একটি বৈধ ডকুমেন্ট, যার অর্থ আমরা আপনার মামলাটি আদালতে নিতে পারি। এর ফলে ভাড়াটেরা তাদের বাড়ি থেকে উচ্ছেদ হতে পারেন। এ সকল ভাড়াটে শুধুমাত্র একটি কাউন্টি কোর্টের রায়-একটি সিসিজে-ই গ্রহণ করেন না বরং আদালতের খরচ প্রদানের দায়িত্বও তাদের উপর বর্তায়, যা বর্তমানে £100 ছাড়িয়ে গেছে। কিছুসংখ্যক ভাড়াটে বিশ্বাস করেন যে, যদি তারা উচ্ছেদ হন, তবে তারা ওয়াইএইচএন (YHN) কর্তৃক পুনঃগৃহায়িত হতে শুধুমাত্র আবেদন করতে পারেন, কিন্তু আসল বিষয় এটা নয় – এমনকি যদি বাড়িতে ছেলেমেয়েও থাকে। প্রতি বছর বেশ কিছু সংখ্যক ভাড়াটে নিজেদের বাড়িহীন (homeless) দেখতে পান, কারন তারা তাদের ভাড়া পরিশোধ করেননি। আপনি আপনার কিংবা আপনার পরিবারের ক্ষেত্রে এটা ঘটতে দেবেন না। যদি অর্থনৈতিক উদ্বেগ থাকে, তবে আমাদের সাথে কথা বলুন।

5 মেরামত ও সার্ভিসিং

5.1) আর্থিক সাহায্যের পাশাপাশি আমরা আপনার বাড়ির যত্ন নিতে সাহায্য করার জন্য আপনাকে অন্যান্য পরিষেবাও প্রদান করে থাকি। আমরা আপনার বাড়ির অধিকাংশ মেরামত, রক্ষণাবেক্ষন এবং সার্ভিসিংয়ের জন্য দায়বদ্ধ। এতে অন্তর্ভূক্ত রয়েছে আপনার বাড়ির কাঠামো ও বর্হিভাগ, যেকোন অংশীদারী ব্যবহারের অংশ কিংবা কমিউনাল এলাকা এবং ফিক্সচার ও ফিটিংস, যা আমরা আপনাকে সরবরাহ করেছি। আমরা যথাসম্ভব আপনার বাড়ির রক্ষণাবেক্ষন করতে চাই এবং দ্রুত মেরামতের সংবাদ দেয়ার মাধ্যমে আমাদেরকে সাহায্য করার ক্ষেত্রে আপনার উপর নির্ভর করি। অনুগ্রহপূর্বক লক্ষ্য করুন, যদি আপনি আপনার কাউন্সিল বাড়ি ক্রয়ের সিদ্ধান্ত নেন, তবে সেক্ষেত্রে আপনি সম্পত্তির সকল মেরামতকার্যের জন্য দায়ী থাকবেন।

5.2) আমরা অবশ্যই বছরে একবার আমাদের গ্যাসের যন্ত্রপাতির নিরাপত্তামূলক পরীক্ষা করবো। নিশ্চিত হওয়ার জন্য যে, এগুলো নিরাপদ আছে। আমরা আইনানুগভাবে এটা করতে বাধ্য, তাই আপনি **অবশ্যই** আমাদের ঠিকাদারকে এটা এবং অন্য গুরুত্বপূর্ণ কাজ করার জন্য আপনার ঘরে প্রবেশের অনুমতি দেবেন।

5.3) আমাদের সকল ঠিকাদার ও স্টাফ পরিচিতি বহন করেন, যা আপনার দেখতে চাওয়া উচিত। যদি সন্দেহ হয়, তবে কাউকে আপনার বাড়ির ভেতর ঢুকতে দেবেন না।

5.4) যতো তাড়াতাড়ি সম্ভব মেরামত ও সার্ভিস সারার জন্য আমরা সবকিছু করবো কিন্তু আমরা সংশ্লিষ্ট কাজের ধরণের উপর মেরামতের অগ্রাধিকার দিয়ে থাকি।

Bengali

5.5) সব সময় উঁচুমানের পরিষেবা প্রদান করা আমাদের লক্ষ্য । মাঝে মাঝে আমরা কিংবা আমাদের ঠিকাদার ভুল করে ফেলে । যদি তা ঘটে, তবে আপনার উচিত প্রথমে আপনার হাউজিং অফিসে যোগাযোগ করা যাতে তারা সমস্যাটি নির্ধারণের চেষ্টা করতে পারেন । আমরা আমাদের পরিষেবার উন্নয়নের জন্য আপনার মন্তব্য, ধারণা এবং পরামর্শকে স্বাগত জানাই । যা-ই হোক, এরপরও আপনি যদি সন্তুষ্ট না হন, তবে আপনি একটি আনুষ্ঠানিক অভিযোগপত্র দাখিল করতে পারেন । আপনি আমাদের যে কোন অফিস থেকে একটি অভিযোগের ফরম পেতে পারেন ।

5.6) যদি আপনি আপনার বাড়ির ক্ষতিসাধন কিংবা অপব্যবহার করেন অথবা এর প্রতি অবহেলা করেন তবে এটাকে সঠিক অবস্থায় আনার জন্য খরচের ব্যাপারে আপনি দায়ী হবেন এবং আমরা আপনার বাড়ির দখল গ্রহনের জন্য কিংবা খরচ আদায়ের জন্য আইনানুগ ব্যবস্থা গ্রহন করতে পারি ।

5.7) আপনি আপনার ভাড়াটের হ্যান্ডবুক থেকে মেরামত এবং সার্ভিসিংয়ের ব্যাপারে বিস্তারিত জানতে পারবেন ।

6 আপনার সম্পত্তি

6.1) আপনি যেখানে বাস করেন সেই এলাকার সামগ্রিক চেহারা রক্ষণাবেক্ষনে সহায়তার জন্য আমরা অংশীদারী ঘাস লাগানো এলাকাতে নিয়মিতভাবে ঘাস কাটা, অংশীদারী ঝোঁপ ও অংশীদারী লতাগুল্মের ক্ষেত্রসমূহকে পরিষ্কার ও বিন্যস্ত রাখার জন্য দায়ী । যদি আপনার বাড়ির চারপাশে অংশীদারী ব্যবহারের এলাকায় কোন কাজের প্রয়োজন হয়, তবে বিস্তারিত জানিয়ে আপনার হাউজিং অফিস কিংবা এনভায়রোকল- (Envirocall) এ যোগাযোগ করুন । আপনার ভাড়াটের হ্যান্ডবুকে ফোন নম্বর পাওয়া যেতে পারে ।

6.2) অধিকাংশ বড়ো কিংবা ব্যাপক আকারের আইটেমগুলো বিনা খরচে সরানো হতে পারে । এই পরিষেবা সংক্রান্ত আরো তথ্যের জন্য আমাদের যেকোন অফিসে ফোন করুন কিংবা আবার এনভায়রোকল- (Envirocall) এ যোগাযোগ করুন ।

6.3) কাউন্সিলের প্রতিবেশ পরিষেবাসমূহ (Neighbourhood Services) এষ্টেটে কাজের জন্য স্ট্রিট ওয়ার্ডেন, দ্রুত সাড়াদানকারী স্টাফ এবং একটি গ্রাফিটি টিম নিয়োগ করে ।

7 ভাড়াটে চুক্তি ভঙ্গকরণ

7.1) ইউর হোমস্ নিউ ক্যাসেল নিশ্চিত করতে চায় যে আপনার বসবাসের এলাকা একটি আরামদায়ক স্থান এবং আমরাও আপনাকে সেখানে সুখী দেখতে চাই । প্রত্যেকেরই এমন একটি এলাকায় বাস করার অধিকার আছে, যা পরিষ্কার, নিরাপদ ও আনন্দদায়ক । আপনি যাতে আপনার বাড়ি ও প্রতিবেশ উপভোগ করতে পারেন তা নিশ্চিত করতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ । একজন ভাড়াটে হিসেবে আপনার উচিত একজন ভালো প্রতিবেশী হওয়া এবং একইভাবে আপনার নিজের এবং আপনার ও সাক্ষাতকারীদের আচরণের ব্যাপারে দায়িত্বশীল হওয়া ।

7.2) কারো জীবনের মান অন্যান্যদের সৃষ্ট উৎপাত, হয়রানি কিংবা সমাজবিরোধী আচরণের দ্বারা নষ্ট হওয়া উচিত নয় । এগুলোর মধ্যে রয়েছে, উচ্চস্বরে সংগীত, কুকুরের ডাক, গ্রাফিটি (দেয়াল লিখন), আক্রমনাত্মক বা বর্ণবাদী ভাষা ব্যবহার, সন্ত্রাস কিংবা হুমকি, হতাশকরণ ও ক্ষতিসাধন । এসবই সমাজ বিরোধী আচরণের অংশ এবং তা গ্রহণযোগ্য নয় । যদি আপনার আচরণ প্রতিবেশী কিংবা ওয়াইএইচএন-এর স্টাফ বা ঠিকাদারদের জন্য উৎপাত কিংবা হয়রানির কারণ হয়, তবে তা হবে আপনার ভাড়াটে চুক্তি ভঙ্গকরণ । আমরা সেসব ভাড়াটের বিরুদ্ধে পদক্ষেপ নেবো যারা একটি অগ্রহণযোগ্য পন্থায় আচরণ করে যাবে ।

7.3) ওয়াইএইচএন সমাজ বিরোধী আচরণ, উৎপাত এবং হয়রানির ক্ষেত্রে কার্যকর পদক্ষেপ গ্রহণ করছে যাতে বাসিন্দারা তাদের বসবাসের নগরীকে আরামদায়ক ও নিরাপদ হিসেবে উপভোগ করতে পারেন। যদি আপনি ভাড়াটে থাকাকালে কোন সময় এ ধরণের কোন সমস্যার অভিজ্ঞতা হয়, তবে তা নীরবে সহ্য করবেন না। এ ব্যাপারে আমাদেরকে জানান।

8 আপনার বাড়িতে আপনাকে সহায়তা দান

8.1) আমরা জানি যে, ভাড়াটেদের বিবিধ ধরনের একটি ব্যাপক প্রয়োজন রয়েছে এবং কিছু সংখ্যক ভাড়াটে সফলভাবে একটি বাড়ি রক্ষণাবেক্ষণ সমস্যায় পড়তে পারেন।

8.2) ওয়াইএইচএন-এর মাধ্যমে একটি বিস্তৃত পরিষেবায় আপনি প্রবেশ করতে পারেন, যা আপনাকে আপনি যতোদিন চান ততোদিন আপনার বাড়িতে সাফল্যের সাথে থাকার সুযোগ দেবে। এগুলো হচ্ছে:

- বহুতল ব্লকে একটি কনসিয়ার্জ (তত্ত্বাবধায়ক) পরিষেবা যা অভ্যর্থনা এবং ক্লোজ সার্কিট টেলিভিশনে 24 ঘন্টা পর্যবেক্ষণের সুবিধা দেবে।
- যদি আপনি বয়স্ক, অরক্ষিত, পঙ্গু (ডিজেবলড) কিংবা আপনার বিশেষ সাহায্যের প্রয়োজন হয়, তবে আমাদের কমিউনিটি কেয়ার এলার্ম সার্ভিস পরিচালিত 24 ঘন্টা সাড়াদানের সতর্কতা ঘন্টা এবং সেন্সর রয়েছে। এগুলো ফোনের দ্বারা আমাদের কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষের সাথে যুক্ত। স্টাফরা সেখানে দিনের 24 ঘন্টা দায়িত্ব পালন করে, বছরর 365 দিন, তাই সেখানে সবসময়ই আপনার ফোনকলের জবাব দেয়ার জন্য কেউ না কেউ থাকেন।

- এডাপ্টেশন সার্ভিস প্রতিবন্ধী (ডিজেবলড) রয়েছেন এমন বাড়িতে ফিজিক্যাল এডাপ্টেশন (দৈহিক খাপ খাওয়ানো) প্রদান করেন, যা তাদেরকে তাদের বাড়িতে, তারা যদি চান, থাকার সুবিধা দেয়। এতে অন্তর্ভূক্ত রয়েছে লিফট, র‌্যামপ এবং শাওয়ার।

8.3) এছাড়া আমাদের অন্যান্য স্কীম ও পরিষেবাসমূহের একটি সামগ্রিক রূপ রয়েছে, যা আপনার কাজে আসতে পারে। আপনি এসব এবং আরো অনেকগুলো ভাড়াটের হ্যান্ডবুকে পাবেন।

9 আপনার ভাড়াটের সমাপ্তি ও স্থানান্তর

9.1) যদিও আমরা আশা করি যে, আপনি আপনার নতুন বাড়িতে বসবাস উপভোগ করেন, এমন এক সময় আসতে পারে যখন আপনার অন্য একটি বাড়ির প্রয়োজন হতে পারে কিংবা আপনি একটি আলাদা বাড়ি চাইতে পারেন, কারণ আপনার পরিস্থিতি তখন পরিবর্তিত হয়েছে।

9.2) আপনার ভাড়াটে হ্যান্ডবুক থেকে কী সম্ভব এবং কীভাবে আমরা আপনাকে সাহায্য প্রদান অব্যাহত রাখতে পারি, এ ব্যাপারে বিস্তারিত জানতে পারবেন। শুধু মনে রাখবেন যে যখনি আপনার প্রয়োজন হয় এবং পরিস্থিতির পরিবর্তন ঘটে, আমরা তখনও আপনাকে সাহায্য করতে এখানে রয়েছি।

9.3) যদি আপনি একেবার একটি কাউন্সিল সম্পত্তি থেকে বাসস্থান পরিবর্তনের সিদ্ধান্ত নেন, আপনাকে অবশ্যই আমাদেরকে চার সপ্তাহের নোটিশ দিতে হবে যখন আপনি বাসা বদল করবেন। আপনাকে একটি 'ভাড়াটে রদ' (Termination of Tenancy) ফরম পূরণ করতে হবে এবং আমাদের স্টাফ ভাড়াটে চুক্তি শেষ হওয়ার আগে একটি 'রদপূর্ব পরিদর্শন' (pre-termination inspection) পরিচালনা করবেন। আপনার বাড়ি ছাড়ার আগে, আপনাকে অবশ্যই বাড়িটি এতোটুকু পরিষ্কার পরিচ্ছন্ন করতে হবে যাতে বাড়িটি অন্য কারোর প্রবেশের উপযুক্ত হয়। প্রয়োজন হলে কোন সজ্জাকরণ এবং মেরামতের কাজ করে নিন। নিশ্চিত হোন যে, আপনি আপনার সকল বিল ও ভাড়া স্থানান্তরের সময় পর্যন্ত পরিশোধ করেছেন। চলে যাবার সময় গ্যাস, ইলেকট্রিক ও পানি বন্ধ করে দিন। সংগ্রহের জন্য যে

Bengali

কোন আর্বজনা বের করে রাখুন। যদি আপনার কোন কিছু বাড়িতে ফেলে যান, তবে সেটাকে আমরা আর্বজনা হিসেবে গণ্য করবো এবং ফেলে দেবো। যদি আপনি চলে যাবার পর আমাদেরকে পরিষ্কার পরিচ্ছন্নকরণের জন্য কোন অর্থ পরিশোধ করতে হয়, তবে আমরা আপনাকে সেই অর্থ পরিশোধ করতে বলবো। আপনার চাবী কমিউনিটি হাউজিং অফিসে হস্তান্তর করুন। আমরা আপনাকে একটি 'ভাড়াটে সমাপ্তি' (End of Tenancy) জরীপ পূরণ করতে দেবো। আমরা আমাদের পরিষেবার উন্নয়নে সহায়তার ক্ষেত্রে প্রয়োজন মতো আপনার প্রদত্ত তথ্য ব্যবহার করবো।

10 উপসংহার/সমাপ্তি অনুচ্ছেদ

আশা করি আপনি আপনার নতুন বাড়িতে সুখী হবেন। স্মরণ রাখবেন, যদি আপনার কোন প্রশ্ন থাকে তবে তা হ্যান্ডবুকে দেখতে পাবেন, এবং যদি আপনার কোন সমস্যা হয়, তবে আমাদের জানাবেন।